

# বেসরকারি বিশ্ববিদ্যালয়ের মধ্যে প্রথম স্থানে আইইউবি

ইত্তেফাক অনলাইন ডেস্ক

প্রকাশ : ১৯ এপ্রিল ২০২১, ২১:৫১

ছবি: সংগৃহীত।

সিমাগো ইনস্টিটিউশনস এর র‍্যাংকিংয়ে ২০২১-এর তালিকায় বাংলাদেশের বেসরকারি বিশ্ববিদ্যালয় গুলোর মধ্যে প্রথম স্থান অধিকার করেছে ইনডিপেনডেন্ট ইউনিভার্সিটি, বাংলাদেশ (আইইউবি)।



দৈনিক ইত্তেফাকের সর্বশেষ খবর পেতে Google News অনুসরণ করুন

গবেষণা, উদ্ভাবন এবং সামাজিক প্রভাব - এই তিনটি বিষয়ের উপর ভিত্তি করে এ বছর সিমাগো ইনস্টিটিউশনস এর র‍্যাংকিংয়ের তালিকায় সবার উপরে দেশের শীর্ষস্থানীয় এ বিশ্ববিদ্যালয়টি জায়গা করে নিয়েছে।

এ তালিকায় দেশের সকল সরকারি ও বেসরকারি বিশ্ববিদ্যালয়গুলোর মধ্যে আইইউব'র অবস্থান দশম। বিশ্বের বিভিন্ন দেশের দেশের ৪ হাজার ১২৬টি বিশ্ববিদ্যালয় নিয়ে স্পেনের সিমাগো ইনস্টিটিউশন র‍্যাংকিংয়ের ২০২১ সংস্করণে এ তথ্য জানানো হয়েছে।

২০২১ সালে সারা বিশ্ব থেকে ৪ হাজার ১২৬টি বিশ্ববিদ্যালয় এই তালিকায় জায়গা পেয়েছে। স্কপাস ডাটাবেইজে কমপক্ষে ১০০টি গবেষণা প্রকাশিত হয়েছে এমন সব প্রতিষ্ঠানকেই এই র‍্যাংকিংয়ের বিবেচনায় নেয়া হয়েছে।

সম্প্রতি প্রকাশিত সিমাগো ইনস্টিটিউশন র‍্যাংকিংয়ের ২০২১ সংস্করণে হয়, বাংলাদেশের ২৮টি বিশ্ববিদ্যালয়ের মধ্যে গাজীপুরের বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান কৃষি বিশ্ববিদ্যালয় অবস্থান প্রথম। দেশসেরার মধ্যে শীর্ষ দুই ও তিনে রয়েছে যথাক্রমে মাওলানা ভাসানী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় (মোভাবিপ্রবি) ও ঢাকা বিশ্ববিদ্যালয় (ঢাবি)।

এবারের শীর্ষ ১০ বিশ্ববিদ্যালয়ে রয়েছে যথাক্রমে চার নম্বরে চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়, পঞ্চম বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান মেডিকেল বিশ্ববিদ্যালয়, ৬ষ্ঠ খুলনা বিশ্ববিদ্যালয়, ৭ম বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়, ৮ম জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়, ৯ম বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয় (বুয়েট) ও ১০ম স্থানে রয়েছে যথাক্রমে শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় ও বেসরকারি বিশ্ববিদ্যালয় ইনডিপেনডেন্ট ইউনিভার্সিটি, বাংলাদেশ (আইইউবি)।